

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
বদলগাছী, নওগাঁ।


উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৫১.০১.৬৪০৬.০০০.৪২.০৫৪.২১- ১৭৯

তারিখ : ৩১/০৮/২০২১ খ্রিঃ।

বিষয় : ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থ বছরে শীতাত্ত দুঃস্থ ও অসহায় জনগণের মাঝে বিতরণকৃত কম্বলের মাষ্টাররোল দাখিল প্রসঙ্গে।

সূত্র: ১। দুর্নীতি দমন কমিশনের ১৬/০৮/২০২১ তারিখের ১৭৬২১ নং স্মারক।

২। জেলা প্রশাসক নওগাঁ মহোদয়ের কার্যালয়ের, ২৬/০৮/২০২১ খ্রি: তারিখের, ৫১.০১.৬৪০০.১২৬.১৪.০২৭.২১-৫৭৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের নির্দেশের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে তাঁর ইউনিয়নের শীতাত্ত দুঃস্থ ও অসহায় জনগণের মাঝে বিনামূলে বিতরণের জন্য তাঁর অনুকূলে অর্থ বছর ভিত্তিক নিম্নবর্ণিত হারে কম্বল বরাদ্দ করা হয়।

ক্র: নং	ইউনিয়নের নাম	২০১৬-২০১৭ অর্থ বছরে বরাদ্দকৃত কম্বলের পরিমাণ	২০১৭-২০১৮ অর্থ বছরে বরাদ্দকৃত কম্বলের পরিমাণ
০১	বদলগাছী	৪৮৮ পিস	৬২৮ পিস
০২	মথুরাপুর	৩৯০ পিস	৫০০ পিস
০৩	পাহাড়পুর	৪৪৯ পিস	৫৭৮ পিস
০৪	মিঠাপুর	৪০৪ পিস	৫২০ পিস
০৫	কোলা	৩৮৫ পিস	৪৯৬ পিস
০৬	বিলাশবাড়ী	৪৩৫ পিস	৫৬০ পিস
০৭	আধাইপুর	৪১৬ পিস	৫৩৬ পিস
০৮	বালুভরা	৩২১ পিস	৪১৩ পিস
	মোট =	৩২৮৮ পিস	৪২৩১ পিস

যথানিয়মে কম্বল বিতরণের পর বিতরণ পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অত্র কার্যালয়ের মাষ্টাররোল দাখিলের নির্দেশনা দেওয়া হলেও অদ্যাবধি তার ইউনিয়নের বিতরণকৃত কম্বলের মাষ্টাররোল এ অফিসে দাখিল করা হয়নি।

নিরীক্ষা ও অনুসন্ধানের প্রয়োজনে বিতরণকৃত কম্বলের মাষ্টাররোল বিনা ব্যর্থতায় আগামী ০১/০৯/২০২১ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে এ অফিসে জমা দেওয়ার জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

চেয়ারম্যান,

----- (সকল) ইউনিয়ন পরিষদ,
বদলগাছী, নওগাঁ।



(মোঃ মাহবুবুর রহমান)

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অ:দা:)
বদলগাছী, নওগাঁ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।
- ২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নওগাঁ।
- ৪। অফিস কপি।

